

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(স্থানীয় সরকার শাখা)
www.netrokona.gov.bd

নম্বর-০৫.৪৫.৭২০০.০১১.১১.০০১.১৬-৮০৯

তারিখ: ২০ নভেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা'র গত ১৬ জানুয়ারি ২০১৭ তারিখের ০৫.৪৫.৭২০০.০১১.১১.০০১.১৬.৭৪ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে জেলা প্রশাসন, নেত্রকোণা'র অধীনে ইউপি সচিব নিয়োগের লক্ষ্যে আগামী ৩০ নভেম্বর ২০১৮ তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় নেত্রকোণা সরকারি কলেজ এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে অনুষ্ঠেয় লিখিত পরীক্ষার জন্য প্রার্থীদের অনুকূলে ইতোমধ্যে প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হয়েছে। আগামী ২৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে কোনো প্রার্থী ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র না পেয়ে থাকলে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহের জন্য জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ০২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা বরাবর ২৯ নভেম্বর ২০১৮ তারিখ অফিস সময়ের মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


(মঈনউল ইসলাম)

জেলা প্রশাসক
নেত্রকোণা।

ফোন: ০৯৫১৬১৫১১

ফ্যাক্স: ০৯৫১-৬১২১১

E-mail: dcnetrokona@mopa.gov.bd



অনুলিপি: কার্যার্থে:

১. সম্পাদক, দৈনিক.....নেত্রকোণা- প্রেস বিজ্ঞপ্তি জনস্বার্থে তাঁর পত্রিকার প্রথম পাতায় স্বল্প পরিসরে আগামী ২৭.১১.২০১৮ তারিখের মধ্যে যে কোনো একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হল।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:-

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নেত্রকোণা।
২. সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা- প্রেস বিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৩. সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নেত্রকোণা।
৪. মাস্টার ফাইল/অফিস কপি।